

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كَتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ উক্ত নারী কাপড়ে হায়েযের রক্ত লাগলে তা পবিত্র করার বিধান সম্পর্কে জিজ্ঞেস করেছেন; অন্য কিছু সম্পর্কে জিজ্ঞেস করেননি

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ امْرَأَةُ إِنَّمَا سَأَلَتْ عَمَّا يُصِيبُ الثَّوْبَ مِنْ دَمِ الْحَيْضِ دُونَ غيره

আরবী

1394 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّتَنَا حَرْمَلَةُ حَدَّتَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ: عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ أَنَّهَا قَالَتْ: سُبُلَ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ: عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ أَنَّهَا قَالَتْ: سُبُلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عن الثَّوْبِ يُصِيبُهُ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَقَالَ: (لِتَحُتَّهُ ثُمَّ تَقْرُصنْهُ بِالْمَاءِ ثُمَّ لِتَنْضَحْهُ فَتُصَلِّي فِيهِ) (لِتَحُتَّهُ ثُمَّ تَقْرُصنْهُ بِالْمَاءِ ثُمَّ لِتَنْضَحْهُ فَتُصلِلِي فِيهِ) الراوي: أَسْمَاء ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1394 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৯৪. আসমা বিনতু আবী বকর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ কাপড় সম্পর্কে জিজ্ঞেস করা হয়, যাতে হায়েযের রক্ত লেগে যায়, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, "সে যেন রক্ত খুঁচিয়ে তুলে, তারপর কাপড়টি পানি দিয়ে ঘষে তারপর তাতে পানি ছিটা দিবে অতঃপর তা পরিধান করে সালাত আদায় করবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে জ: ১/২২; তিরমিয়া: ১৩৮; সুনান বাইহাকী: ১/১৩; মুয়াতা ইমাম মালিক: ১/৭৯; সহীহ আল বুখারী: ৩০৭; সহীহ মুসলিম: ২৯১; আবূ দাউদ: ৩৬১; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৯০; তাবারানী: ২৪/২৮৬; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৭৫; আত তায়ালিসী: ১/৪২; মুসান্নাফ আব্দুর রায্যাক: ১২২৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯৫; মুসনাদ আহমাদ: ৬/৩৪৫; নাসাঈ: ১/১৫৫; ইবনু মাজাহ: ৬২৯; আবূ আওয়ানা: ১/২০৬;



দারেমী: ১/১৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৮৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন